গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়
সিলেট গণপূর্ত জোন, সিলেট।

ফোনঃ ০২৯৯৭৭০০২৫১
E-mail: ace_syl@pwd.gov.bd

স্মারক নং- ২৫.৩৬.৯১০০.০০৮.২৫.০০৩.১৫- 889 (8) তারিখঃ 07/08/2026

**বিষয়ঃ হবিগঞ্জ গণপূর্ত বিভাগের আওতাধীন বিভিন্ন উন্নয়নমূল প্রকল্প সাইট পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে হবিগঞ্জ গণপূর্ত বিভাগাধীন উন্নয়ন কাজ গত ০৬.০৪.২০২৬খ্রি. তারিখে নিম্নস্বাক্ষরকারী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট গণপূর্ত সার্কেল ও নির্বাহী প্রকৌশলী (স্টাফ অফিসার) সিলেট জোন কর্তৃক সরেজমিনে সাইট পরিদর্শন পূর্বক পরিদর্শন প্রতিবেদন সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ৩ (তিন) পাতা।

7.4.26

(কাজী ওয়াসিফ আহমাদ)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
সিলেট গণপূর্ত জোন, সিলেট।

07/08/26

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পওবিপ্র)
গণপূর্ত অধিদপ্তর
পূর্তভবন, সেগুনবাগিচা
ঢাকা- ১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্তভবন, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট গণপূর্ত সার্কেল, সিলেট।
২। নির্বাহী প্রকৌশলী, হবিগঞ্জ গণপূর্ত বিভাগ, হবিগঞ্জ।
৩। অফিস নথি।

CS CamScanner

## হবিগঞ্জ গণপূর্ত বিভাগের আওতাধীন বিভিন্ন উন্নয়নমূল প্রকল্প সাইট পরিদর্শন প্রতিবেদন

নিম্নস্বাক্ষরকারীগণ অদ্য ০৬.০৪.২০২৬খ্রি. তারিখে হবিগঞ্জ গণপূর্ত বিভাগের নিম্নলিখিত উন্নয়ন কাজ পরিদর্শন করেন। পরিদর্শনকালে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী, সহকারী প্রকৌশলী ও সংশ্লিষ্ট ঠিকাদারগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে নিম্নবর্ণিত মতামত/পরামর্শ প্রদান করা হয়।

| ক্র. নং | প্রকল্পের/কাজের নাম | বিষয়বস্তু | পরামর্শ/নির্দেশনা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | বানিয়াচং উপজেলায় মডেল মসজিদ নির্মাণ। | নির্মানাধীন বানিয়াচং উপজেলা মডেল মসজিদ পরিদর্শন | ক) সাইটে পর্যাপ্ত জায়গা না থাকায় সাইট অফিস নির্মাণ করা হয়নি। অবিলম্বে নির্মাণাধীন ভবনের নীচ তলায় সাময়িক ব্যবহারের উপযোগী সাইট অফিস নির্মাণ করতে হবে।<br>খ) First Aid Box পাওয়া যায়নি। সাইটে আবশিকভাবে First Aid Box থাকা প্রয়োজন। প্রয়োজনীয় Safety Measures ব্যবস্থা করতে হবে।<br>গ) সকল নির্মাণ সামগ্রীর টেস্ট রির্পোট সাইটে পাওয়া যায়নি। সলিড ব্লক টেস্ট সম্পন্ন করে Quality সম্পর্কে নিশ্চিত হয়ে গাঁথুনীর কাজে ব্যবহার করতে হবে।<br>ঘ) সাইটে প্রয়োজনীয় Measurement Tools থাকতে হবে।<br>ঙ) সাইটে বিদ্যমান Stone Chips -এ ¾" সাইজের পরিমাণ কম থাকায় Gradation উন্নতি সহ Well grade এর Stone Chips নির্মাণ কাজে ব্যবহার করতে হবে।<br>চ) নির্মাণ সামগ্রী যেমন- বালি ও পাথরের স্টেক-ইয়ার্ডগুলো ত্রিপল দিয়ে ঢেকে রাখতে হবে। যাতে উহাতে Organic Particle না ঢুকে। |
| ২ | হবিগঞ্জ জেলা সার্কিট হাউজ নির্মাণ প্রকল্প। | নির্মানাধীন সার্কিট হাউজ পরিদর্শন | ক) ২৫.০১.২০২৫খ্রি. তারিখে সাইট হস্তান্তর সম্পন্ন হলেও নানাবিধ জটিলতার কারনে অদ্যাবধি ফাউন্ডেশনের নির্মাণ কাজ সম্পন্ন হয়নি। ১৭৮টি পাইল ড্রাইভ এর পর লোড টেস্টের রিপোর্ট অনুযায়ী ডিজাইন বিভাগ হতে প্রদত্ত আরও ২০টি পাইল ঢালাই সম্পন্ন হয়েছে। যা ১৫.০৪.২০২৬খ্রি. এর মধ্যে ড্রাইভিং এর কাজ শুরু করতে হবে।<br>খ) ০৪.০২.২০২৬খ্রি. তারিখে নতুন পাইল এর নক্শা পাওয়া পর ইতিমধ্যে ২ মাস অতিবাহিত হওয়া সত্ত্বেও ফাউন্ডেশন/পাইলক্যাপ নির্মাণ কাজের কোন অগ্রগতি হয়নি। এ ব্যাপারে নির্বাহী প্রকৌশলীর ব্যাখ্যা জানা প্রয়োজন। যে অংশে কোন নতুন পাইল স্থাপন করা হবে না সে অংশে ফুটিং/পাইলক্যাপ নির্মাণ কাজ ৩ দিনের মধ্যে শুরু করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। |
| ৩ | হবিগঞ্জ জেলা টিটিসি নির্মাণ প্রকল্প। | টিটিসি নির্মাণ কাজ পরিদর্শন | ড্রেন, এপ্রোন ও আনুষঙ্গিক Remaining works এর কাজ দ্রুত বাস্তবায়ন করে প্রকল্পের সকল ভবন বা স্থাপনা হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। |
| ৪ | হবিগঞ্জ জেলা মডেল মসজিদ নির্মাণ। | নির্মানাধীন হবিগঞ্জ জেলা মডেল মসজিদ পরিদর্শন | ক) কাজের অগ্রগতি ৮৫% সমাপ্ত। দ্রুত অসমাপ্ত কাজগুলো সম্পন্ন করার জন্য বলা হয়।<br>খ) জানালার ভিতরের দিকে ওয়াটারসিল সঠিকভাবে নির্মাণ করা হয়নি। ফলে জানালার নীচদিয়ে পানি ঢুকার সম্ভবনা রয়েছে। সঠিকভাবে সকল জানালার ওয়াটারসিল নির্মাণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>গ) বর্তমানে নির্মাণধীন ভবনের কোন রাস্তা নাই। টিটিসি'র বাউন্ডারী হতে সংকীর্ণ পথ দিয়ে মসজিদে প্রবেশ করতে হয়। রাস্তা না থাকায় ভবিষ্যতে মসজিদটি হস্তান্তরের ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হওয়ার সম্ভবনা রয়েছে। মসজিদের প্রবেশমুখের রাস্তার জমি অধিগ্রহণ করা/রাস্তার বিষয়টি অবিলম্বে সুরাহা করার ব্যাপারে জেলা প্রশাসক বরাবর পত্র প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। |
| ৫ | শায়েস্তাগঞ্জ উপজেলায় মডেল মসজিদ নির্মাণ। | নির্মানাধীন শায়েস্তাগঞ্জ উপজেলা মডেল মসজিদ পরিদর্শন | ক) পাইল কাস্টিং এর ঢালাই কাজ সম্পন্ন।<br>খ) দ্রুত পাইল ড্রাইভিং এর কাজ শুরু করার নির্দেশনা প্রদান করা হয়। |

06/04/2026
(রিপন চাকমা)
নির্বাহী প্রকৌশলী
(স্টাফ অফিসার) (চ.দা.)
সিলেট গণপূর্ত জোন, সিলেট।

০৬/০৪/২০২৬
(মোঃ ইলিয়াস আহম্মেদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
সিলেট গণপূর্ত সার্কেল, সিলেট।

6.4.26
(কাজী ওয়াসিফ আহমাদ)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
সিলেট গণপূর্ত জোন, সিলেট।

CamScanner

# মান-নিয়ন্ত্রণ চেকলিষ্ট

পরিদর্শনের তারিখঃ 06.04.26

প্রকল্পের/কাজের নাম :Construction of Model Mosque and Islamic Cultural Center at Baniachong Upazilla of Habiganj District (Three Storied building with three storied foundation (B-type) (Sub-head: Main Building Civil works, Internal sanitary & water supply works Electrical works and other Ancillary works) under the project of Establishement of 560 model mosques and Islamic cultural centers in each district and Upazilla of Bangladesh.)

প্রকল্পের অবস্থান :উপজেলা নির্বাহী অফিস সংলগ্ন হবিগঞ্জ ।

গণপূর্ত বিভাগ : হবিগঞ্জ গণপূর্ত বিভাগ,হবিগঞ্জ।

গণপূর্ত উপ-বিভাগ : হবিগঞ্জ গণপূর্ত উপ-বিভাগ-২,হবিগঞ্জ।

| ক্র. নং | চেক আইটেম | হ্যাঁ (অনুস্বাক্ষর) | না (অনুস্বাক্ষর) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | নির্মাণ কাজ বাস্তবায়নে প্রধান প্রকৌশলীর কার্যালয়, স্মারক নং ১৩৮৭, তারিখ ০৮/০৩/২০২০খ্রিঃ অনুযায়ী চেকলিস্ট অনুসরণ করা হয়েছে। | ✓ | | |
| ০২ | অনুমোদিত নকশা, ড্রইং ও টেকনিক্যাল স্পেসিফিকেশন এস্টিমেট, Work program পর্যালোচনা করা হয়েছে এবং নকশাগত ত্রুটি পাওয়া যায় নি। | ✓ | | |
| ০৩ | নির্মাণ সামগ্রী অনুমোদিত উৎস থেকে সংগ্রহ নিশ্চিত করা হয়েছে। | | | |
| | ক) সিমেন্ট | ✓ | | |
| | খ) ইট/ব্লক | ✓ | | |
| | গ) বালি | ✓ | | |
| | ঘ) পাথর | ✓ | | |
| | ঙ) কনক্রিট | ✓ | | |
| | চ) রং | | | প্রযোজ্য নয়। |
| | ছ) টাইলস বা মোজাইক | | | প্রযোজ্য নয়। |
| | জ) চৌকাঠ ও পাল্লা | | | প্রযোজ্য নয়। |
| ০৪ | নির্মাণ সামগ্রীর ল্যাব টেষ্ট সম্পন্ন করা হয়েছে এবং তা গুনগত মানের মধ্যে রয়েছে। | | | |
| | ক) সিমেন্ট | ✓ | | |
| | খ) ইট/ব্লক | ✓ | | |
| | গ) বালি | ✓ | | |
| | ঘ) পাথর | ✓ | | |
| | ঙ) কনক্রিট | ✓ | | |
| ০৫ | ফাউন্ডেশন, RCC, ফ্রেমওয়ার্ক, রড বসানো, ঢালাই কাজ সহ সকল ফিনিসিং কাজ স্পেসিফিকেশন অনুযায়ী বাস্তবায়ন করা হয়েছে। | ✓ | | |
| ০৬ | সয়েল টেষ্ট, লোড টেস্ট PWD এনলিষ্টেড প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত হয়েছে | ✓ | | |
| ০৭ | সাইটে বিভিন্ন টুল বা যন্ত্রপাতি ব্যবহার করে মান-নিয়ন্ত্রণকরণ | ✓ | | |
| | ক) সাইটে কাজের গুনগত মান পরীক্ষার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি যেমন- সিভ এপ্যারটাস, কোন, ওয়েট মেশিন, সিলিন্ডার ব্যবহার করা হয়েছে। | ✓ | | |
| | খ) Wood এর moisture পরীক্ষার ক্ষেত্রে digital moisture meter এর ব্যবহার করা হয়েছে এবং moisture content নির্দিষ্ট সীমার মধ্যে রয়েছে। | | | প্রযোজ্য নয়। |
| | গ) Plaster করার পর moisture content পরীক্ষা করা হয়েছে এবং সঠিক হওয়া সাপেক্ষে রং করার নির্দেশনা দেওয়া হয়েছে।। | | | প্রযোজ্য নয়। |
| ০৮ | চুক্তির সাধারণ শর্তাবলী অনুযায়ী নিরাপত্তা ও পরিবেশগত মানদন্ডসমূহ নিশ্চিত করা হয়েছে। | ✓ | | |
| ০৯ | নিম্নমানের বা বাতিল কাজ বাস্তবায়নে (প্রযোজ্য ক্ষেত্রে) বাধা প্রদান করা হয়েছে। | | ✓ | |

06.4.26 06.04.26

উপ-সহকারী প্রকৌশলী | উপ-বিভাগীয় প্রকৌশলী | নির্বাহী প্রকৌশলী



C:\Users\DELL\Desktop\Check List.doc- 3

CamScanner

CamScanner

**প্রকল্পের/কাজের নাম:** Construction of Model Mosque and Islamic Cultural Center at Baniachong Upazilla of Habiganj District (Three Storied building with three storied foundation (B-type) (Sub-head: Main Building, Civil works, Inteternal Sanitary & water supply works Electrical works and other Ancillary works) Under the Project of Establishment of 560 Model Mosques and Islamic cultural centers in each district and Upazilla of Bangladesh.)

সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলী নির্মাণ কাজের গুণগত মান সম্পর্কে উল্লেখিত ছকে প্রতিবেদন প্রদান করেছেন। নির্মাণ সামগ্রীর টেস্ট রিপোর্ট পর্যালোচনা করে সঠিক পাওয়া গেল। প্রাথমিক পর্যবেক্ষণে নির্মাণ কাজের গুণগত মান সন্তোষজনক। নির্মাণ কাজের পরিবেশের উন্নয়ন ও অধিকতর মান নিয়ন্ত্রণের নিমিত্তে নিম্নলিখিত পরামর্শ/নির্দেশনা প্রদান করা হলো:

| পর্যবেক্ষণ/পরামর্শ/নির্দেশনা |
|---|
| অদ্য পরিদর্শনে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:<br>ক) সাইটে পর্যাপ্ত জায়গা না থাকায় সাইট অফিস নির্মাণ করা হয়নি। অবিলম্বে নির্মাণাধীন ভবনের নীচ তলায় সাময়িক ব্যবহারের উপযোগী সাইট অফিস নির্মাণ করতে হবে।<br>খ) First Aid Box পাওয়া যায়নি। সাইটে আবশিকভাবে First Aid Box থাকা প্রয়োজন। প্রয়োজনীয় Safety Measures ব্যবস্থা করতে হবে।<br>গ) সকল নির্মাণ সামগ্রীর টেস্ট রির্পোট সাইটে পাওয়া যায়নি। সলিড ব্লক টেস্ট সম্পন্ন করে Quality সম্পর্কে নিশ্চিত হয়ে গাঁথুনীর কাজে ব্যবহার করতে হবে।<br>ঘ) সাইটে প্রয়োজনীয় Measurement Tools থাকতে হবে।<br>ঙ) সাইটে বিদ্যমান Stone Chips -এ ¾" সাইজের পরিমাণ কম থাকায় Gradation উন্নতি সহ Well grade এর Stone Chips নির্মাণ কাজে ব্যবহার করতে হবে।<br>চ) নির্মাণ সামগ্রী যেমন- বালি ও পাথরের স্টেক-ইয়ার্ডগুলো ত্রিপল দিয়ে ঢেকে রাখতে হবে। যাতে উহাতে Organic Particle না ঢুকে। |

পরিদর্শনকারী:

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | জনাব কাজী ওয়াসিফ আহমাদ | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সিলেট গণপূর্ত জোন, সিলেট। | 6.4.26 |
| ২। | জনাব মোঃ ইলিয়াস আহম্মেদ | তত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট গণপূর্ত সার্কেল, সিলেট। | ০৬/০৪/২০২৬ |
| ৩। | জনাব রিপন চাকমা | নির্বাহী প্রকৌশলী (স্টাফ অফিসার) (চ.দা.)সিলেট গণপূর্ত জোন, সিলেট। | 06/04/2026 |



CamScanner